# Times Today BD

ঢাকা | 15 April, 2025

সিরাজগঞ্জের তাড়াশে মহানবী হযরত মুহাম্মদ (সাঃ) কে কটুক্তি করায় শ্রী জয় কুমার সরকার (৩৫) নামের একজনকে গ্রেফতার করেছে সিরাজগঞ্জ ডিবি পুলিশ।

এর আগে মহানবী হযরত মুহাম্মদ (সাঃ) কে কটুক্তি করার অপরাধে মোঃ আব্দুল বারী নামের এক ব্যাক্তি বাদী হয়ে তাড়াশ থানায় একটি মামলা দায়ের করেন।

মামলার এজাহারে উল্লেখ করেন, গত সোমবার (১৪ এপ্রিল) ভোর সাড়ে চারটার দিকে তাড়াশ থানাধীন কেন্দ্রীয় শ্বশানঘাট কালী মন্দিরে হিন্দু সম্প্রদায়ের চড়ক পূজা চলাকালে শ্রী জয় কুমার সরকার মন্ত্র পাঠ করার সময় আল্লাহ ও মহানবী হযরত মুহাম্মদ (সাঃ) কে নিয়ে কটূক্তি করে বলেন, "বান মাদার মুখ বন্ধ, এই বন্ধ যদি ছোটে তাহলে আল্লাহ ও রাসুলের মস্তক থাকবি না" আল্লাহ ও রাসুলকে নিয়ে তুচ্ছ-তাচ্ছিল্য করে কটূক্তিমুলক ভিডিওটি ওইদিনই  সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে প্রচার হয় এবং এলাকার মুসলিম সম্প্রদায়ের লোকজনের মধ্যে ক্ষোভ ও বিরূপ প্রতিক্রিয়া দেখা দেয়।

অভিযুক্ত শ্রী জয় কুমার সরকার আল্লাহ ও আল্লাহর রাসুলকে নিয়ে তুচ্ছ-তাচ্ছিল্যভাবে ভীতিমূলক কটুক্তি করে স্পষ্ট ইসলাম ধর্মালম্বীদের ধর্মীয় অনুভূতিতে আঘাত করে।

এ মামলারই জেরে শ্রী জয় কুমার সরকারকে মঙ্গলবার সকালে পাবনা জেলার ফরিদপুর থানার আগপুংগলি (নারায়নপুর) এলাকা থেকে গ্রেফতার করা হয়।

শ্রী জয় কুমার সরকার সিরাজগঞ্জের তাড়াশ থানার ঘরগ্রাম গ্রামের বর্তমানে-তাড়াশ বাজার (গোবিন্দ মন্দিরের পাশে) শ্রী শংকর চন্দ্র সরকারের  ছেলে।

প্রাথমিক জিজ্ঞাসাবাদে গ্রেফতারকৃত আসামী শ্রী জয় কুমার সরকার ঘটনার সত্যতা স্বীকার করেন।

মহানবী হযরত মুহাম্মদ (সাঃ) কটুক্তি গ্রেফতার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:44

URL: https://www.timestodaybd.com/public/dhaka/841992628